

E-mail

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১. ০০০০.৮০১.০৬.০৩১.২০২২-৬৭৬

তারিখ:

১৭ ভাদ্র, ১৪২৯

০১ সেপ্টেম্বর, ২০২২

বিষয় : মোবাইলে whatsapp ব্যবহার করে বিদ্যালয় পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার সার্বিক মান ও বিদ্যালয়ে শিক্ষা উপযোগী পরিবেশ বজায় রাখার স্বার্থে মনিটরিং ও মূল্যায়ন বিভাগের সকল কর্মকর্তাকে সারা দেশে বিদ্যালয় চলাকালীন whatsapp এর মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সাথে সংযুক্ত থেকে শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষণ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। বিষয়টি নিশ্চিত কল্পে নিম্নে বর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:

ক) অধিদপ্তরের মনিটরিং ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ অন লাইন whatsapp এ বিদ্যালয় পরিদর্শন করবেন। এ কার্যক্রমে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ সার্বিক সহযোগিতা এবং চাহিত তথ্যাদি প্রদান করতে হবে:


খ) অনলাইন পরিদর্শন কার্যক্রম whatsapp এর মাধ্যমে করা হবে। এর জন্য সারাদেশে প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকগণ নিজ নিজ স্মার্ট ফোনে whatsapp ডাউনলোড করবেন এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে প্রধান শিক্ষক বরাবরে প্রেরিত মোবাইল ডাটার মাধ্যমে স্কুল চলাকালীন ইন্টারনেট সংযোগ ব্যবহার করে চাহিত তথ্যাদি প্রদান করতে হবে;

গ) অধিদপ্তরের মনিটরিং ও মূল্যায়ন বিভাগের কর্মরত সকল কর্মকর্তার ফোন নাম্বার/ whatsapp সেফ করে রাখতে হবে। স্কুল চলাকালীন সময়ে whatsapp এ কোন কর্মকর্তা ফোন করলে ফোন রিসিভ করতে হবে। কোন কারণে ফোন রিসিভ করতে না পারলে কল ব্যাক করতে হবে;

ঘ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে আবশ্যিকভাবে কর্মস্থলে পরিচয় পত্র (আই, ডি কার্ড) সাথে রাখতে হবে।

০২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মনিটরিং ও মূল্যায়ন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।


(ড: উত্তম কুমার দাশ)
পরিচালক (মনি: ও মূল্যাঃ)

বিভাগীয় উপপরিচালক (সকল)
প্রাথমিক শিক্ষা.....বিভাগ.....।

স্মারক নং- ৩৮.০১. ০০০০.৮০১.০৬.০৩১.২০২২-৬৭৬


তারিখ:

১৭ ভাদ্র, ১৪২৯

০১ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল).....।
- ৫। অফিস কপি।


(মো: আনোয়ার হোসেন সিদ্দিকী)
সহকারী পরিচালক (মনি: ও মূল্যাঃ)